

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৭৩

২৭/ আদব

পরিচ্ছেদঃ আল্লাহর সম্ভুষ্টির জন্য কারো সাথে ভালবাসা রাখার মাহাত্ম্য এবং তার প্রতি উৎসাহ প্রদান ও যে ব্যক্তি অন্য কাউকে ভালবাসে তাকে সে ব্যাপারে অবহিত করা ও কী বলে অবহিত করবে তার বিবরণ

আববী

وَعَنْ أَبِيْ إِدرِيْسَ الْخَوْلَانِيْ رَحِمَهُ اللهُ قَالَ :دخَلْتُ مَسْجِدَ دِمَشْقَ فَإِذَا فَتَىَ بَرَّاقُ الثَّنَايَا وَإِذَا النَّاسُ مَعَهُ فَإِذَا اخْتَلَفُوا في شَيْءٍ أَسْنَدُوهُ إِلَيْه وَصَدَرُوا عَنْ رَأَيِهِ فَسَأَلْتُ عَنْهُ فَقِيلَ وَإِذَا النَّاسُ مَعَهُ فَإِذَا اخْتَلَفُوا في شَيْءٍ أَسْنَدُوهُ إِلَيْه وَصَدَرُوا عَنْ رَأَيِهِ فَسَأَلْتُ عَنْهُ فَقِيلَ : هٰذَا مُعَاذُ بْنُ جَبَل فَلَمَّا كَانَ مِنَ الغَدِ هَجَّرْتُ فَوَجَدْتُهُ قَدْ سَبَقَنِي بِالتَّهْجِيرِ ووَجَدْتُهُ يُصِلِّي، فَانْتَظَرَتُهُ حَتَّى قَضَى صَلَاتَهُ ثُمَّ جِئْتُهُ مِنْ قِبَل وَجْهِهِ فَسَلَّمْتُ عَلَيهِ ثُمَّ قُلْتُ : يَصَلِي فَالْتُ وَلَيْهِ فَقَالَ : آلله ؟ فَقُلْتُ : اللهِ فَقَالَ : آلله تَعَلْى : رَسُولُ الله يَوْلِيُنِ يَقُولُ قَالَ الله تَعَالَى : وَجَبْتُ مَحَبَّتِي لِلْمُتَحَابِينَ فِيَّ وَالمُتَزَاوِرِينَ فِيَّ وَالمُتَزَاوِرِينَ فِيَّ وَالمُتَزَاوِرِينَ فِيَّ وَالمُتَبَاذِلِينَ فِيَّ حديث صحيح رواه مالك في الموطأ بإسناده الصحيح

বাংলা

(৩৫৭৩) আবূ ইদরীস খাওলানী (রঃ) বলেন, আমি দিমাশেকর মসজিদে প্রবেশ ক'রে এক যুবককে দেখতে পেলাম, তাঁর সামনের দাঁতগুলি খুবই চকচকে এবং তাঁর সঙ্গে কিছু লোকও (বসে) রয়েছে। যখন তারা কোন বিষয়ে মতভেদ করছে, তখন (সিদ্ধান্তের জন্য) তাঁর দিকে রুজু করছে এবং তাঁর মত গ্রহণ করছে। সুতরাং আমি তাঁর সম্পর্কে জিজ্ঞাসা করলাম (যে, ইনি কে)? (আমাকে) বলা হল যে, 'ইনি মুআয বিন জাবাল।' অতঃপর আগামী কাল আমি আগেভাগেই মসজিদে গেলাম। কিন্তু দেখলাম সেই (যুবকটি) আমার আগেই পোঁছে গেছেন এবং তাঁকে নামাযরত অবস্থায় পেলাম। সুতরাং তাঁর নামায শেষ হওয়া পর্যন্ত আমি অপেক্ষা করলাম। অতঃপর আমি তাঁর সামনে এসে তাঁকে সালাম দিলাম।

তারপর বললাম, 'আল্লাহর কসম! আমি আপনাকে আল্লাহর ওয়ান্তে ভালবাসি।' তিনি বললেন, 'আল্লাহর কসম?' আমি বললাম, 'আল্লাহর কসম।' পুনরায় তিনি বললেন, 'আল্লাহর কসম?' আমি বললাম, 'আল্লাহর কসম।' অতঃপর তিনি আমার চাদরের আঁচল ধরে আমাকে তাঁর দিকে টানলেন, তারপর বললেন, 'সুসংবাদ নাও।' কারণ, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, 'আল্লাহু তাআলা বলেছেন, আমার সম্ভুষ্টি লাভের



জন্য যারা পরস্পরের মধ্যে মহববত রাখে, একে অপরের সঙ্গে বসে, একে অপরের সাথে সাক্ষাৎ করে এবং একে অপরের জন্য খরচ করে, তাদের জন্য আমার মহববত ও ভালবাসা ওয়াজেব হয়ে যায়।

ফুটনোট

(আহমাদ ২২০৩০, মুঅতা ১৭৭৯, ত্বাবারানী, হাকেম, সহীহুল জামে' ৪৩৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু ইদরিস খাওলানী (রহ.)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন